



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিকল্পনা-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৯৩.০১৪.০১.০০.৩৩৬.২০১৭(অংশ-১)-৪৩৮

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৮  
০৫ আগস্ট ২০২১

### অফিস আদেশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ০৬/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি'র সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক বাস্তবায়নাধীন “দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (সিআরএমআইডিপি)” শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রম পর্যালোচনা এবং বাস্তবায়নযোগ্য বাজারের তালিকা নির্ধারণের জন্য মতামত/সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

১।	অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	আহ্বায়ক
২।	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের প্রতিনিধি	সদস্য
৩।	আইএমইডি'র প্রতিনিধি	সদস্য
৪।	সংশ্লিষ্ট পরিকল্পনা শাখা কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ	সদস্য সচিব

#### কমিটি'র কর্মপরিধিঃ

বর্ণিত কমিটি প্রকল্পের আওতায় নির্মিত এবং নির্মিতব্য বাজারের মালিকানা কার হবে, বাজারের রক্ষাবেক্ষণ কিভাবে হবে, বাজারের দোকানসমূহ কিভাবে বরাদ্দ প্রদান করা হবে, বাজার নির্মাণের ফলে গ্রামীণ পরিবেশের কোন ক্ষতি হবে কিনা ইত্যাদি বিষয়ে সুপারিশ করবে। এছাড়া প্রস্তাবিত হাটবাজারের মধ্যে কোনটি বাস্তবায়ন করা যাবে এবং কোনটি বাস্তবায়ন করা যাবে না সে বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে আলোচনা করে তার ভিত্তিতে প্রতিবেদন প্রণয়নপূর্বক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব বরাবর দাখিল করবে।

(মোঃ আল-আমিন সরকার)

উপসচিব

ফোন: ৯৫৭৮০১২

[planning1.lgd@gmail.com](mailto:planning1.lgd@gmail.com)

স্মারক নং- ৪৬.০৯৩.০১৪.০১.০০.৩৩৬.২০১৭(অংশ-১)-৪৩৮

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৮  
০৫ আগস্ট ২০২১

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা (বর্ণিত কমিটিতে একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
- ২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (বর্ণিত কমিটিতে একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
- ৫। প্রকল্প পরিচালক, “দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (সিআরএমআইডিপি)” শীর্ষক, এলজিইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। মহাপরিচালক (মইই)/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আল-আমিন সরকার)

উপসচিব